



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. Sylhetboard.gov.bd, sylschoolsection.@gmail.com

স্মারক নং : সিশিবো/ বিদ্যা/চ-ম/ রেজিঃ/২০২৫ /

তারিখ: ৪ ডান্ন, ১৪৩২ বঙ্গাব্দ

১৯ আগষ্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৫ শিক্ষাবর্ষে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি নিম্ন/মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ সনে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী, ফি এবং সময়সূচি অনুযায়ী অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশাবলীঃ

১. ২০২৫ সনের অষ্টম শ্রেণির অনলাইন রেজিস্ট্রেশনের জন্য বিগত বছরের অষ্টম শ্রেণির রেজিস্ট্রেশনের Log In Password ব্যবহার করতে হবে।

২. ১লা জানুয়ারী ২০২৫ তারিখে অষ্টম শ্রেণি শিক্ষার্থীর ন্যূনতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সর্বোচ্চ ১৭ (সেতেরো) এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদ কিংবা প্রত্যয়নপত্র আবশ্যিক।

৩. শিক্ষার্থীর ছবি UPLOAD করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে একজনের ছবির পরিবর্তে অন্য জনের ছবি UPLOAD হয়ে না যায়।

৪. অনলাইনে রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম:

রেজিস্ট্রেশন শুরুর তারিখ : ২৫/০৮/২০২৫ খ্রি.

শেষ তারিখ : ২৪/০৯/২০২৫ খ্রি.

☆ ২৪/০৯/২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন ফি জমা দান সাপেক্ষে ফাইনালাইজেশন করা যাবে।

উল্লেখ্য, ই-রেজিস্ট্রেশনের এর মূল প্রিন্ট কপি (হার্ড কপি) এবং সোনালী সেবা রশিদ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৫. যেহেতু বিলম্ব ফি দিয়ে অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ নেই তাই নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

জিএসসি অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত খাতওয়ারী ফি এর হার নিম্নরূপঃ

| | |
|--|--------|
| ক. রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি)..... | ৫০.০০ |
| খ. ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) | ৩০.০০ |
| গ. রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি)..... | ১৬.০০ |
| ঘ. বেসরকারি শিক্ষক/কর্মচারী কল্যাণ তহবিল..... | ১০০.০০ |
| ঙ. অঙ্ককল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি) | ৫.০০ |
| চ. জাতীয় কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি) | ৫০০.০০ |
| ছ. উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি) | ২৫.০০ |

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোহাম্মদ মঈনুল ইসলাম) ১৯.০৮.২০২৫

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

sylschoolsection.@gmail.com

প্রাপক: অধ্যক্ষ / প্রধান শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়
ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়(সরকারি ও বেসরকারি)